

Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 06 May, 2025

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধে যুক্তরাষ্ট্রের বিজয় স্মরণে দুদিন জাতীয় ছুটির ঘোষণা করেছেন। তবে ছুটির দিনগুলোতে দেশটির অফিস আদালতসহ সব প্রতিষ্ঠান খোলা থাকবে।

সোমবার (৫ মে) নিজস্ব সামাজিক যোগাযোগমাধ্যম টুথ সোশ্যালেরে তিনি এ ঘোষণা দেন। খবর জেরুজালেম পোস্টের।

টুথ সোশ্যালেরে ট্রাম্প লেখেন, ‘মার্কিন যুক্তরাষ্ট্র না থাকলে, যুদ্ধটি অন্যান্য দেশই জিতত, তা হলে পৃথিবীটি কতই না ভিন্ন হত। অতএব, আমি প্রথম বিশ্বযুদ্ধের বিজয় উদযাপনে জাতীয় ছুটি ঘোষণা করছি। ১৯১৮ সালের ১১ নভেম্বর যুদ্ধবিরতি স্বাক্ষরিত হয়েছিল এবং দ্বিতীয় বিশ্বযুদ্ধের বিজয়ের তারিখ ছিল ৮ মে, ১৯৪৫।’

ট্রাম্প আরও বলেন, ‘এই ছুটির দিনে দেশটি বন্ধ থাকবে না। কারণ আমেরিকায় ইতোমধ্যেই অনেক ছুটি রয়েছে - বছরে আর পর্যাপ্ত দিন বাকি নেই। আমরা তখনও শ্রমিক ছিলাম, এবং এখনও শ্রমিক! ডকুমেন্টেশন অনুসরণ করতে হবে। আমেরিকাকে আবারও মহান করে তুলুন!’

এদিকে, দ্বিতীয় বিশ্বযুদ্ধের অবসানের ৮০ বছর স্মরণে সোমবার থেকে যুক্তরাজ্যে চার দিনব্যাপী অনুষ্ঠান শুরু হয়েছে। লন্ডনের পার্লামেন্ট স্কয়ারে উইনস্টন চার্চিলের ১৯৪৫ সালের বিজয় ভাষণের পুনঃপ্রচার এবং রাজপরিবারের ঐতিহ্যবাহী ব্যালকনি উপস্থিতির মাধ্যমে এই উৎসবের সূচনা হয়।

এদিন রাজা তৃতীয় চার্লস, প্রধানমন্ত্রী কেয়ার স্টারমার এবং হাজারো দর্শক সামরিক কুচকাওয়াজ প্রত্যক্ষ করেন। এতে যুক্তরাষ্ট্র, ফ্রান্স, জার্মানি এবং অল্পসংখ্যক ইউক্রেনীয় সেনাও অংশ নেন। এ সময় অভিনেতা টিমোথি স্পল চার্চিলের ভাষণ পাঠ করেন: ‘সহিংসতা ও স্বেচ্ছাচারের কাছে নত হয়ো না, প্রয়োজনে মৃত্যুবরণ করো, তবু পরাভব মেনো না।’

ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয় বিশ্বযুদ্ধ যুক্তরাষ্ট্র

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 10 June, 2025 23:05

URL: <https://timestodaybd.com/public/international/1995775807>